

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১১.১৫.১০৪


তারিখ: ১০ পৌষ ১৪২২
২৪ ডিসেম্বর ২০১৫

বিষয়: নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন-সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রূপকল্প ২০২১ বাস্তবায়নে সরকার জনপ্রশাসনে উদ্ভাবন চর্চার উপর গুরুত্বারোপ করেছে। এ লক্ষ্যে সরকারি কর্মকর্তাগণের সক্ষমতা বৃদ্ধি করা প্রয়োজন। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহে দু'দিন ব্যাপী 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা যেতে পারে।

২। এ-সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচির একটি রূপরেখা সংযুক্ত করা হল। প্রশিক্ষণ-সংক্রান্ত কোন পরামর্শ/কারিগরি সহায়তার প্রয়োজন হলে সে সম্পর্কে প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন প্রোগ্রামের সাথে যোগাযোগ করা যেতে পারে। মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থাসমূহের প্রশিক্ষণ-সংক্রান্ত নিয়মিত বাজেট হতে এবাবদ প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা যায়।

৩। এমতাবস্থায়, তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তরসমূহে দু'দিন ব্যাপি 'নাগরিক সেবায় উদ্ভাবন' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের সদয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


মাহফুজা বেগম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৩৯৫
E-mail: eg_sec@cabinet.gov

সিনিয়র সচিব/সচিব

.....মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম ও মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব (সমন্বয় ও সংস্কার) মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।